

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বরিশাল বিভাগীয় কার্যালয়
www.dncrp.gov.bd

“শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা – ২০১৭” এর আলোকে বরিশাল বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : খোন্দকার আনোয়ার হোসেন
উপপরিচালক (উপসচিব)

তারিখ : ১৯ এপ্রিল, ২০২০

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : বিভাগীয় কার্যালয়ের সম্মেলন কক্ষ।


উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। উক্ত সভায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের বর্ণিত নীতিমালা অনুসরণে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

১। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” প্রণয়ন করেছে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উক্ত নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুযায়ী বরিশাল বিভাগীয় কার্যালয়ের আওতাধীন জেলা কার্যালয়ের সহকারী পরিচালকগণের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করা হয়। বরিশাল বিভাগের বিভিন্ন জেলার সহকারী পরিচালকগণের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করে গ্রেড ৪ হতে গ্রেড ১০ ভুক্ত কর্মকর্তাদের মধ্য হতে জনাব মো: মাহমুদুল হাসান, সহকারী পরিচালক, জেলা কার্যালয়, ভোলা এবং গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব মো: খোরশেদ আলম, গাড়ি চালক, বিভাগীয় কার্যালয়, বরিশালকে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পুরস্কার হিসেবে মনোনীত কর্মচারীগণকে নীতিমালা মোতাবেক একটি সার্টিফিকেট ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।


(খোন্দকার আনোয়ার হোসেন)
উপপরিচালক (উপসচিব)

ও

সভাপতি

বিভাগীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি




তারিখ : ১৯-০৪-২০২০ খ্রি:

স্মারক নম্বর-২৬.০৪.০০০০.৮০১.৬৬.০০১.২০.৫৫৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। অফিস কপি।


(খোন্দকার আনোয়ার হোসেন)
উপপরিচালক (উপসচিব)

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বরিশাল বিভাগীয় কার্যালয়

dd-barisal@dncrp.gov.bd

